কোটচাঁদপুর কিশোরীদের প্রশিক্ষণ অনুষ্ঠিত

উন্নত পল্লী উন্নত দেশ,বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ এ প্রতিপাদ্যে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ দেয়া হয়েছে। বৃহস্পতিবার বিকালে কোটচাঁদপুরের শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আক্কাস উদ্দিন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা মোঃ দেলোয়ার হোসেন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ মঈন উদ্দিন। কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ, মেডিকেল অফিসার সুব্রত কুমার বিশ্বাস, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও কোর্স পরিচালক সেলিম রেজা। এছাড়া উপস্থিত ছিলেন উপজেলা সহকারী পল্লী উন্নয়ন অফিসার ইউনুছ আলী,উপজেলা প্রকল্প কর্মকর্তা মোঃ ইকরামুল হক,ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুদ্দিন আহম্মদ।

এ সময় প্রশিক্ষণে অংশ গ্রহন করেন ওই বিদ্যালয়ের কিশোরী সংঘের একশত জন কিশোরী। অনুষ্ঠানটি আয়োজনে ছিলেন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড(বিআরডিপ)।দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প ২য় পর্যায় আওতায় এ প্রশিক্ষণ দেয়া হয় কিশোরীরা।

এ সময় অতিথি বৃন্দুরা প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্য কিশোরীদের বয়ঃসন্ধিকাল,বাল্যবিবাহ,নারীনির্যাতন সহ বিভিন্ন সচেতনতা মূলক বক্তব্য তুলে ধরেন।

কোটচাঁদপুর পল্লীতে গৃহবধুর ঝুলন্ত মরদেহ উদ্ধার

কোটচাঁদপুরের পল্লীতে শান্তা খাতুন (১৬) নামের এক গৃহবধুর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে কোটচাঁদপুর থানা পুলিশ।

শান্তা খাতুন কোটচাদপুর উপজেলার দোড়ার গ্রামে রুবেলের স্ত্রী। গত শনিবার রাতে উপজেলার দোড়ার কামার পাড়ায় এ ঘটনা ঘটে। এটি আত্মহত্যা বলে চালানোর চেষ্টা করছে স্বামীর পরিবারের লোকজন।

তবে, নিহত শান্তা খাতুনের মা সালেহা বেগম বলেন, আমার মেয়ে আত্মহত্যা করতে পারেনা। তাকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে। মাত্র এক বছর হলো তাদের বিয়ে হয়েছে। বিয়ের পর থেকেই তারা আমার মেয়েকে শারিরীক ও মানুষিক ভাবে অত্যাচার করত। তাকে ওরা মেরে রশি দিয়ে ঝুলিয়ে রেখেছে। আমি এর বিচার চাই।

এ ব্যাপারে স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক আশরাফুল ইসলাম বলেন, স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসার আগেই মারা গেছে সে।

কোটচাঁদপুর থানার উপপরিদর্শক আব্দুল মতিন জানান, খবর পেয়ে মৃত দেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠানো হয়েছে। এ ব্যাপারে কোটচাঁদপুর থানায় একটা অপমৃত্যু মামলা হয়েছে।

জলবায়ু ঝুঁকি হ্রাসে ৭ দফা দাবী বাস্তবায়নে ঝিনাইদহে সংবাদ সম্মেলন

স্থানীয় জনগোষ্ঠির জলবায়ু ঝুঁকি হ্রাসে ৭ দফা দাবী বাস্তবায়নে ঝিনাইদহে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে প্রেসক্লাব মিলনায়তনে ব্রেড ফর দ্যা ওয়ার্ল্ড ও স্পেস প্রকল্পের সহযোগীয়তায় এ সংবাদ সম্মেলনের আয়োজন করে কোস্টাল ডেভেলপমেন্ট

পার্টনারশিপ (সিডিপি)।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পেশ করেন সিডিপির এরিয়া কো- অর্ডিনেটর হাবিবুর রহমান। জলবায়ু ঝুঁকি হ্রাসে শিক্ষা ও কারগরি শিক্ষার প্রসারে কার্যকর প্রদক্ষেপ গ্রহণ, আয়বর্ধকমুলক প্রশিক্ষণ প্রদান ও স্বল্প বা বিনাসুদে ঋণদান, বজ্রপাতে জীবন ও সম্পদহানী রোধে প্রদক্ষেপ গ্রহণ, শীত মৌসুমে ভুক্তভোগীদের মাঝে শীতবস্ত্র বিতরণের ব্যবস্থা গ্রহণ করা, বর্তমান জলবায়ু পরিবর্তন মোকাবেলার পাশাপাশি ভবিষ্যত জলবায়ূ পরিবর্তণ রোধে স্থানীয় পর্যায়ে স্বল্প কার্বন উৎপাদনকারী উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ ৭ দফা দাবী তুলে ধরেন।

এসময় তিনি, সদর উপজেলার কুমড়াবাড়িয়া ইউনিয়নের ঝপঝপিয়া, রাউতাইল, গোয়ালবাড়ীয় ও নেবুতলা গ্রামের ৮৬০ টি খানা ঝুঁকি নিরূপনে তথ্য তুলে ধরেন।

এছাড়াও অনুষ্ঠানে এনসিআরবি’র সহ-সম্পাদক আবুল কালাম আজাদ, সদস্য রাশেদুল হক, ভিআরসি’র সভাপতি নীলকান্ত বিশ্বাস, দুরন্ত জলবায়ু যুবসংঘের সেক্রেটারী তাসলিমা খাতুনসহ অন্যান্যরা।

ঝিনাইদহে ২২টি অনিবন্ধিত ক্লিনিক ও ডায়াগনষ্টিক সেন্টারে সিলগালা

সোমবার বিকাল পর্যন্ত ঝিনাইদহ শহরের আরাপপুর, বাস টার্মিনাল, হামদহসহ বিভিন্ন উপজেলার মোট ২২টি অনিবন্ধিত ক্লিনিক, স্বাস্থ্যকেন্দ্র ও ডায়াগনোষ্টিক সেন্টার সিলগালা করে বন্ধ করেছে স্বাস্থ্য বিভাগ। এসব এলাকায় অভিযান পরিচালনা করেন সিভিল সার্জনের প্রতিনিধি ডা. মিথিলা ইসলাম।

মিথিলা ইসলাম জানান, স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশ মোতাবেক জেলাজুড়ে অবৈধ প্রাইভেট হাসপাতালের তালিকা তৈরি করে অভিযান

পরিচালনা করা হচ্ছে। যে সকল হাসপাতালের নিবন্ধন নেই সেসব হাসপাতালে তালা দিয়ে সিলগালা করা হয়েছে।

প্রথম দিনের অভিযানে ওমেগা প্রাইভেট হাসপাতাল, ছন্দা হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, ঢাকা ল্যাব এন্ড ডায়াগনস্টিক সেন্টার, নোভেল প্রাইভেট হাসাপাতালসহ আটটি প্রাইভেট হাসপাতাল ও ডায়াগনোস্টিক সেন্টার বন্ধ করা হয়। এছাড়া পর্যায়ক্রমে শৈলকুপার লালন শাহ প্রাইভেট হাসপাতাল, অর্পণ ডায়াগনষ্টিক, মা কেয়ার হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টার, সিটি ডায়াগনষ্টিক সেন্টারসহ ৫টি, কালীগঞ্জ উপজেলায় ৬টি এবং এবং মহেশপুরের ২টিসহ সর্বমোট ২২টি বেসরকারী হাসপাতাল তদন্ত করে নিবন্ধন না থাকায় তাদের প্রতিষ্ঠানে সিলগালা করে বন্ধ করে দেওয়া হয়েছে বলে তিনি জানান।

ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ সুভ্রা দেবনাথ জানান জেলাজুড়ে অবৈধ বেসরকারি হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার বন্ধের এ অভিযান অব্যাহত থাকবে।
সিভিল সার্জন অফিসের দেওয়া তথ্যমতে, ঝিনাইদহ জেলায় ১৭৯টি বেসরকারি হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার রয়েছে, যার মধ্যে ২৭টি অনিবন্ধিত ও ৪৮টি প্রতিষ্ঠানের নিবন্ধন সনদ নবায়ন করা হয়নি।

এছাড়া জেলা শহরের বাইরে অধিকাংশ বেসরকারী হাসপাতালে প্রয়োজনীয় ডাক্তার, নার্স, এবং প্রশিক্ষিত আয়ার পরিবর্তে চলছে চুক্তিভিত্তিক ডাক্তার এবং প্রশিক্ষন বিহীন নার্স ও আয়া দিয়ে। এসব প্রতিষ্ঠানে প্রায়ই ঘটছে দূর্ঘটনা। বিভিন্ন মহলকে ম্যানেজ করে এসব অবৈধ ও মানহীন প্রতিষ্ঠান চলছে বছরের পর বছর। সরকারের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়ে সচেতন মহল বলেন প্রতিষ্ঠানে প্রয়োজনীয় ডাক্তার, অন্যান্য জনবলসহ সার্বিক অবকাঠামো মানসম্মত না হলে নতুন কোন প্রতিষ্ঠান কে নিবন্ধন দেওয়া ঠিক হবেনা।

কোটচাঁদপুরে বিদ্যুৎস্পৃষ্টে

প্রতিবন্ধী পান ব্যবসায়ীর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিদ্যুৎস্পৃষ্টে দুলাল বিশ্বাস (৪৫) নামে এক প্রতিবন্ধী পান ব্যবসায়ীর মৃত্যু হয়েছে।

সোমবার দিবাগত রাত ১০টার দিকে সলেমানপুর কারিগর পাড়ায় এ দূর্ঘটনা ঘটে। দুলাল একই গ্রামের মৃত ফজলুর রহমানের ছেলে।

পুলিশ ও পরিবার সূত্রে জানাযায়, সোমবার রাতে প্রতিবন্ধী দুলাল দোকান বন্ধ করে বাড়িতে যায়। এসময় সে টিভিতে ডিশ লাইনের ক্যাবল লাগাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্টে গুরতর আহত হয়। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন।

বিষয়টি নিশ্চিত করেছেন, কোটচাঁদপুর পৌর ফাড়ির উপ-পরিদর্শক আব্দুস সাত্তার। এঘটনায় থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে

প্রশংসায় ভাসছেন হরিনাকুন্ড থানার ওসি সাইফুল ইসলাম

সামাজিক সচেতনতা কর্মকান্ডের প্রশংসায় ভাসছেন হরিনাকুন্ড থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাইফুল ইসলাম।শুধু এলাকায় সভা সমাবেশ নয়, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে দিচ্ছেন শিক্ষা ও সচেতনতামুলক কর্মকান্ড।

ওসি সাইফুল ইসলাম বলেন, মাদক, বাল্যবিবাহ, যৌতুক, ইভটিজিং, টিকটক, আত্যহত্যা, কিশোরগ্যাঙ, জঙ্গিবাদ, মোবাইল প্রতারক, হ্যকিংসহ অপরাধমুলক বিভিন্ন কর্মকান্ড এখন আমাদের সমাজের রন্ধে রন্ধে পৌছে গেছে। এসব প্রবনতার কারণে বিশেষ করে ধ্বংস হচ্ছে আমাদের যুব সমাজ।

এসব প্রবণতা থেকে যুব সমাজকে রক্ষা করতে হবে। ধন্যবাদ ও কৃতজ্ঞতা স্বীকার করছে ছাত্র ছাত্রীর অভিভাবক ও শিক্ষক গন।

শিক্ষার্থী রাজিব হোসেন ও আম্বিয়া খাতুন বলেন, ওসি স্যারের এ কর্মকান্ড আমাদের সাহষ যোগাচ্ছে। এর ফলে মাদক, ইভটিজিং, কিশোরগ্যাঙ, জঙ্গিবাদ, মোবাইল প্রতারণার মত অপরাধও কমে যাবে।

অভিভাবক আবুল হোসেন ও জামাত আলী বলেন, ওসি সাইফুল ইসলামের কর্মকান্ডে এলাকার যুব সমাজের মাঝে জাগরণ তৈরী হবে।

সোমবার উপজেলার ৪ নং দৌলতপুর ইউনিয়নের সোনাতনপুর মাধ্যমিক বিদ্যালয়ে সচেতনতা মুলক বক্তব্য শেষে হরিণাকুন্ডুতে মাদক এর বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণাও করেন তিনি।

৪ নং দৌলতপুর ইউনিয়নের চেয়ারম্যান ডাঃ আবুল কালাম আজাদ, সোনাতনপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শাহাবুদ্দিন, সাংবাদিক সোহরাব, ইউপি সদস্য জামির উদ্দিন উপস্থিত ছিলেন।

হরিনাকুন্ডতে সড়ক পুনর্নির্মাণের দাবিতে মানববন্ধন

ঝিনাইদহের হরিণাকুন্ডুর সাধুহাটি-তৈলটুপি লালন সড়কের পুনর্নির্মাণের দাবিতে মানববন্ধন করেছে শিক্ষার্থী, ইজিবাইক শ্রমিক, ব্যবসায়ীসহ সাধারণ মানুষ।

সোমবার সকাল ১১টায় উপজেলার দোয়েল চত্তর মোড়ে এই মানববন্ধন হয়। প্রায় দুই কিলোমিটার সড়ক জুড়ে মানববন্ধনে ব্যানার ও ফেস্টুন নিয়ে তারা সড়কটির দ্রুত পুনর্নির্মাণের দাবি জানান তারা।

মানববন্ধণে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন হরিনাকুন্ড পৌরসভার মেয়র ফারুক হোসেন।মেয়র ফারুক হোসেন বলেন, প্রায় দেড় বছর আগে টেন্ডার হয়েছে। নানা টালবাহানা করে ঠিকাদার কাজ শুরু

করছেন না। বেহাল সড়কে মানুষের ভোগান্তি ক্রমেই বাড়ছে। তিনি কর্তৃপক্ষের নিকট সড়কটির দ্রুত পুনর্নির্মাণের দাবি জানান।

এছাড়া বক্তব্য রাখেন, শহরের শিশুকলি মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেণির শিক্ষার্থী অভিজিৎ সাহা,ইজিবাইক শ্রচালক মানিক হোসেনসহ অন্যান্যরা।

উপজেলা এলজিইডি সূত্রে জানা গেছে, শহরের দোয়েল চত্তর মোড় থেকে তৈলটুপি পর্যন্ত সড়কটির দৈর্ঘ্য ১৬ কিলোমিটার। ২০০০ সালে এর কার্পেটিংয়ের কাজ হয়। এর মধ্যে ২০১৯ সালে তৈলটুপি পর্যন্ত সাড়ে তিন কিলোমিটার কার্পেটিং হয়। ২০২১ সালে বাকি সাড়ে বারো কিলোমিটার পুনর্নির্মাণের জন্য টেন্ডার হয়। ইপিআইসি কেএপি পিওটি একেএইচআই জেভি নামে ঢাকার একটি ঠিকাদারি প্রতিষ্ঠান এর কাজ পায়। এলজিইডির আম্পান প্রকল্পের মাধ্যমে ৯ কোটি ৭২ লাখ ৬৩ হাজার টাকা ব্যয় ধরা হয়েছে এই সড়কটি পুনর্নির্মাণের জন্য।

দরপত্র আহব্বানের দেড় বছরেও পুনর্নির্মাণ কাজ শুরু না হওয়ায় ক্ষোভ বিরাজ করছে তাদের মাঝে।

সড়কটি চলাচলের অনুপযোগী হয়ে ভোগান্তিতে পড়েছেন শিক্ষার্থীসহ সাধারণ মানুষ। প্রায়ই ঘটছে ছোট-বড় দুর্ঘটনা। সড়কের বিভিন্ন স্থানে খোয়া উঠে সৃষ্টি হয়েছে খানাখন্দ আর গর্তের। অনেক স্থানে বর্ষার পানি জমে তলিয়ে গেছে সড়ক।

ঝিনাইদহে বিএনপির সম্মেলনে ১৬ পকেট মার

ঝিনাইদহে ১৬ জন পকেটমারকে আটক করেছে গোয়েন্দা পুলিশ। ঝিনাইদহ শহরের জজকোর্টের সামনে থেকে ২টি মাইক্রোবাস থেকে তাদেরকে আটক করা হয়। সেসময় তাদের কাছ থেকে ১০ টি চোরাই মোবাইল ফোন ৬১ হাজার ৪ শ’ টাকা উদ্ধারসহ ২ টি মাইক্রোবাস জব্দ করা হয়।

আটককৃতরা শনিবার ডাকাবাংলা আব্দুর রউফ ডিগ্রী কলেজ মাঠে বিএনপির

সম্মেলন থেকে লোকজনের পকেট মেরে মাদারীপুর শম্ভু মেলার উদ্দেশ্যে যাচ্ছিল। আজ সকালে প্রেস ব্রিফিংএ এ তথ্য জানায় ঝিনাইদহ জেলা পুলিশ।

আটককৃতরা হলো- খুলনা সদরের হাফেজ উদ্দীনের ছেলে বাদল হাওলাদার (৫০), লাল মিয়ার ছেলে জাহাঙ্গীর হোসেন (৪০), চাঁন্দু সরদারের ছেলে ইসমাইল সরদার (৫০), রুপসা থানার জজ আলী শেখের ছেলে ইসহাক শেখ (৫০), মজিদ গাজীর ছেলে মনির গাজী (৪৪), ফুলতলার আব্দুল গফুর মোল্লার ছেলে ওমর ফারুক মোল্লা (২৫), বটিয়াঘাটার আব্দুর রহমানের ছেলে বিল্লাল হোসেন (৩২), নারায়নগঞ্জের আড়াইহাজার উপজেলার দুলাল চন্দ্র দে’র ছেলে রতন চন্দ্র দে (৩৭), আবুল কালামের ছেলে রাসেল (২৪), সিদ্ধিরগঞ্জ উপজেলার মুধু মিয়ার ছেলে শাহিন (২৫), নেত্রকোনার কলমাকান্দা উপজেলার নিজাম উদ্দনের ছেলে রুবেল খা (২২), সিলেটের দক্ষীন সুরমা উপজেলার আব্দুল শহিদ’রর ছেলে গুলজার আহম্মেদ (২৬), কুমিল্লার দাউদকান্দি উপজেলার আবুল হোনের ছেলে আব্দুল হালিম (৫৫), শরীয়তপুরের গোসাইর হাট উপজেলার আব্দুল সামাদ আলীর ছেলে শওকত আলী (৫০), বাগেরহাট সদরের আব্বাস শেখের ছেলে জুয়েল শেখ (২৮) ও মকলেস শেখের ছেলে মুরাদ শেখ (২৬)।

প্রেস ব্রিফিংএ উপস্থিত ছিলেন, ঝিনাইদহ পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম পিপিএম, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ (প্রশাসন ও অপরাধ), অতিরিক্ত পুলিশ সুপার আবু রাসেল (সদর), সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাসার, গোয়েন্দা পুলিশের ওসি আনোয়ার হোসেন।

না ফেরার দেশে চলে গেলেন ৩ সন্তানের জননী কদবানু

অবশেষে না ফেরার দেশে চলে গেলেন ৩ সন্তানের জননী কদবানু (৩৫)। বিষ খাওয়ার ১০ দিনপর তার মৃত্যু হয়েছে। রবিবার দুপুরে কোটচাঁদপুর থানা পুলিশ মৃত দেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠিয়েছেন।
ইউপি সদস্য জুলহক জানান, কদবানু কোটচাঁদপুর উপজেলার সোয়াদি

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

হোসেন, খলিলুর রহমান, তুহিন হোসেন, রবিউল ইসলাম, শাহাবুদ্দিন মামুন, বুলু, আক্তার হোসেন, পিকুল হক, আমিরুল ইসলাম, আব্দুল গাফফার, আব্দুল কাদের, হজরত আলী, আশরাফুল ইসলাম, মোহাম্মদ আলী, সজিব হোসেন, ইকতিয়ার আলি। সাবেক চেয়ারম্যান ফারুক বিশ^◌াসের সমর্থকদের মধ্যে আছে শিকদার আলী, রবিউল ইসলাম, ইসরাইল হোসেন, মাজেদুল হক, মুকুল আলী, আজিবর রহমান, জাহিদুল ইসলাম, আজাহার আলী, ওবাইদুল্লাহ ও আবুবকর সিদ্দিক।
গ্রেফতারকৃতরা সবাই ওই ইউনিয়নের শাহবাজপুর গ্রামের বাসিন্দা। শৈলকুপা থানার ওসি মোঃ আমিনুল ইসলাম জানান, বর্তমান ও সাবেক চেয়ারম্যানদের সমর্থকদের মধ্যে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দীর্ঘদিন যাবৎ বিরোধ চলে আসছিল। ঘটনার দিন উভয়পক্ষ দেশীয় অস্ত্র নিয়ে বিরোধে জড়ালে শান্তি শৃংখলা বজায় রাখার পুলিশ বাদী হয়ে জন্য উভয় পক্ষের লোকজনের নামে মামলা দিয়ে গ্রেফতার অভিযান শুরু করে।
এছাড়া থানা পুলিশ অভিযান চালিয়ে নিয়মিত মামলায় ৪জন গ্রেফতার পুলিশ।

এরা হলেন উপজেলার বুড়ামারা গ্রামের তুজাম্মেল, দেবতলা গ্রামের জাহিদুল ইসলাম ও লতিফ, এবং নারী নির্যাতন মামলায় খোন্দকবাড়িয়া গ্রামের ইসমাইল কে আটক করে থানা পুলিশ।